গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
অডিট শাখা-০১
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.tmed.gov.bd

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার
বাংলাদেশ

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.১৪২.১৬.০৫৩.২০২০-১২

তারিখ: ৩ ভাদ্র ১৪২৭
১৮ আগস্ট ২০২০

বিষয়: **পরিদর্শন প্রতিবেদনের আলোকে নওগাঁ জেলার সাপাহার উপজেলাধীন মহজিদপাড়া দাখিল মাদ্রাসা-এর বিএসআর যথাযথভাবে প্রণীত না হওয়ায় প্রমাণকসহ যথাযথভাবে বিএসআর পুনরায় টিএমইডি-তে প্রেরণ প্রসঙ্গে।**

সূত্র: (১) DIA-এর স্মারক নং-ডিআইএ/নওগাঁ/১৩২৯-এম/রাজ: ৩৩/৪, তারিখ: ২১/০৭/২০১৯খ্রি:
(২) DME-এর স্মারক নং- ৫৭.২৫.০০০০.০০৫.০৯.০৩২.১৬-৮৬, তারিখ: ০৮/০৭/২০২০ খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রদ্বয়ের পরিপ্রেক্ষিতে নওগাঁ জেলার সাপাহার উপজেলাধীন মহজিদপাড়া দাখিল মাদ্রাসা এর বিএস আর টিএমইডি-তে পাওয়া গেছে।

০২. প্রাপ্ত বিএসআর টি পর্যালোচনায় নিম্নবর্ণিত ত্রুটি পাওয়া যায়।

| পরিদর্শন প্রতিবেদনের ক্রমিক নং | ডিআইএ এর আপত্তি | ডিআইএ এর আপত্তির আলোকে ডিএমই এর মতামত | ডিজি, ডিএমই এর মতামতের প্রেক্ষিতে টিএমইডি এর মন্তব্য | পরবর্তী করণীয় বিষয়ে টিএমইডি'র নির্দেশনা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১৫(১) চ | স্টক টেকিং কমিটি নেই এবং বছর শেষে স্টক টেকিং করা হয় না। স্টক টেকিং কমিটির প্রতিবেদন মোতাবেক প্রতিষ্ঠানের অস্থাবর সম্পত্তির ব্যবস্থা করতে হবে। | স্টক টেকিং কমিটি গঠন করতে হবে। স্টক টেকিং কমিটির প্রতিবেদন মোতাবেক প্রতিষ্ঠানের অস্থাবর সম্পত্তির হিসাব রাখার শর্তে আপত্তি নিষ্পত্তি করা যেতে পারে। | বর্তমানে স্টক টেকিং করা হয় কিনা এবং পরিদর্শন প্রতিবেদনের নির্দেশনা অনুযায়ী প্রতিষ্ঠানের অস্থাবর সম্পত্তির ব্যবস্থাপনা করা হয় কিনা তা ডিজি, ডিএমই এর মতামতে উল্লেখ নেই। | ডিআইএ এর পরিদর্শন প্রতিবেদনের নির্দেশনা বাস্তবায়নপূর্বক প্রমাণকসহ পুনরায় বিএসআর আগামী ১৫.০৯.২০২০ খ্রি. তারিখের মধ্যে টিএমইডিতে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। |
| ১৫(১)ছ | রেজিস্টারসমূহ চালু করতে হবে এবং তাহা যথাযথভাবে সংরক্ষণ করতে হবে। | জবাব গ্রহণযোগ্য বিধায় আপত্তি নিষ্পত্তিযোগ্য। | বর্তমানে রেজিষ্টার চালু করা হয়েছে কিনা তা ডিজি, ডিএমই এর মতামতে উল্লেখ নেই। | ঐ |
| ১৫(১)ঢ | উপবৃত্তির টাকা প্রতিষ্ঠানের তহবিলে জমা করা হয় না এবং কলামনার ক্যাশ বহিতে উপবৃত্তির টাকা এন্ট্রি করা হয় না। | জবাব গ্রহণযোগ্য বিধায় আপত্তি নিষ্পত্তিযোগ্য। | বর্তমানে উপবৃত্তির টাকা কলামনার ক্যাশ বহিতে এন্ট্রি করা হয় কিনা তা ডিজি, ডিএমই এর মতামতে উল্লেখ নেই। | ঐ |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৫(৩) খ-১ | প্রতি শিক্ষাবর্ষের প্রথমে প্রণীত বার্ষিক পাঠ পরিকল্পনা তৈরি করে প্রত্যেক শিক্ষার্থীকে সরবরাহ করতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে পাঠপরিকল্পনা সমাপ্ত করতে হবে। | একাডেমিক সুপারভিশন সংক্রান্ত সকল শিক্ষামূলক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন/পরিচালনা করার শর্তে আপত্তি নিষ্পত্তিযোগ্য। | বর্তমানে পাঠ পরিকল্পনা তৈরি করা হয়েছে কিনা তা ডিজি, ডিএমই এর মতামতে উল্লেখ নেই। | ঐ |
| ১৫(৪)ক | ১. নিয়মিতভাবে আয়-ব্যয়ন কর্মকর্তা হিসেবে প্রতিষ্ঠান প্রধানকে ক্যাশ বহিতে স্বাক্ষর করতে হবে।<br>২. কর্মরত শিক্ষকদের সমন্বয়ে ক্রয় কমিটি গঠন করতে হবে। ক্রয় কমিটির মাধ্যমে প্রতিষ্ঠানের সকল মালামাল ক্রয় করতে হবে এবং মজুদ রেজিস্টারে তাহা যথাসময়ে এন্ট্রি করতে হবে। পর্যায়ক্রমে সকল শিক্ষককে ক্রয় কমিটিতে অন্তর্ভূক্ত করতে হবে।<br>৩. প্রতিষ্ঠানের সকল আয় সাধারণ তহবিলের ব্যাংক হিসাবে জমা করতে হবে। প্রয়োজনে ব্যাংক হতে উত্তালন করে ব্যয় করতে হবে।<br>৪. অভ্যন্তরীণ নিরীক্ষা প্রতি তিন মাস অন্তর করা হয় না। শিক্ষকদের সমন্বয়ে তিন সদস্যবিশিষ্ট অভ্যন্তরীণ নিরীক্ষা কমিটি গঠন করে প্রতি তিন মাস অন্তর প্রতিষ্ঠানের সকল আয়-ব্যয় নিরীক্ষা করতে হবে। | প্রতিষ্ঠানের সকল আয়-ব্যয় হিসাব সুষ্ঠুভাবে সম্পাদন/পরিচালনা করার শর্তে প্রযোজ্য ক্ষেত্রে রাজস্ব ষ্ট্যাম্প ব্যবহার করা, আয়কর কর্তন করা, ভ্যাট কর্তন করা, টেন্ডার করা, কোটেশন করা এবং প্রতিষ্ঠানের আয় অনুযায়ী ব্যয় করার শর্তে আপত্তি নিষ্পত্তিযোগ্য। | বর্তমানে আয়-ব্যয় সংক্রান্ত আপত্তিটি সম্পাদন করা হয়েছে কিনা তা ডিজি, ডিএমই এর মতামতে উল্লেখ নেই। | বাস্তবায়নপূর্বক প্রমাণকসহ পুনরায় বিএসআর আগামী ১৫.০৯.২০২০ খ্রি. তারিখের মধ্যে টিএমইডিতে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। |
| ১৫(৪)খ-৩ | ভবিষ্যৎ তহবিল চালু হয়নি। কর্মরত সকল শিক্ষক ও কর্মচারীর নামে পৃথক পৃথক ব্যাংক হিসাবে ভবিষ্যৎ তহবিল চালু করতে হবে। | ঐ | বর্তমানে ভবিষ্যৎ তহবিল চালু করা হয়েছে কিনা তা ডিজি, ডিএমই এর মতামতে উল্লেখ নেই। | ঐ |

০৩. ডিআইএ এর পরিদর্শন প্রতিবেদনের প্রতিটি নির্দেশনা বাস্তবায়নক্রমে বিএসআর প্রণয়নপূর্বক টিএমইডি-তে প্রেরণ এবং সে সাথে পরিদর্শন প্রতিবেদনের নির্দেশনার আলোকে প্রতিটি বিএসআর তৈরিক্রমে টিএমইডি-তে প্রেরণ করাও আবশ্যক।

০৪. এমতাবস্থায়, উপরিউক্ত মতে ডিআইএ এর পরিদর্শন প্রতিবেদনের আপত্তির আলোকে ছকে বর্ণিত ৫ নং কলামের নির্দেশনা মোতাবেক আপত্তিগুলো বাস্তবায়নক্রমে সে অনুযায়ী বিএসআর পুনরায় তৈরিপূর্বক আগামী ১৫.০৯.২০২০ খ্রি. তারিখের মধ্যে প্রমাণকসহ টিএমইডি-তে প্রেরণের জন্য ডিজি, ডিএমই-কে নির্দেশনা দেয়া হলো এবং সে সাথে ভবিষ্যতে বিএসআর প্রেরণের সময় অধিকতর সতর্কতা অবলম্বনে মহোদয়কে নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো।

নূরজাহান বেগম
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৭৫২৭২

মহাপরিচালক,
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ গার্লস গাইড
এসোসিয়েশন গাইড হাউজ, ৭ম ও ১০ম তলা নিউ
বেইলী রোড, ঢাকা-১০০০।

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.১৪২.১৬.০৫৩.২০২০-১২/১(৬)

তারিখ: ৩ ভাদ্র ১৪২৭
১৮ আগস্ট ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
২) সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (ওয়েব সাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো)।
৩) সভাপতি, ম্যানেজিং কমিটি, মহজিদপাড়া দাখিল মাদ্রাসা, সাপাহার, নওগাঁ।
৪) সুপার, মহজিদপাড়া দাখিল মাদ্রাসা, সাপাহার, নওগাঁ।
৫) অতিরিক্ত সচিব (অডিট ও আইন)-এর ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৬) অফিস কপি, মাস্টার কপি।

১৮-৮-২০২০
নূরজাহান বেগম
সিনিয়র সহকারী সচিব